



“বিদ্যুৎ ও জ্বালানি নিরাপত্তা
সর্বোচ্চ অগ্রাধিকার”



...

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন
(পেট্রোবাংলা)
আইটি ডিপার্টমেন্ট

...

সভাপতি	মোঃ শাহীনের ইসলাম পরিচালক (পিএসসি)
সভার তারিখ	২৫-১১-২০২১
সভার সময়	বেলা ২:৩০টা
স্থান	কমিটি রুম
উপস্থিতি	সংযুক্ত

বিষয়: পেট্রোবাংলার ২০২১-২২ অর্থবছরের উদ্ভাবন কর্মপরিকল্পনা কার্যক্রম মোতাবেক সভার কার্যবিবরণী।

পেট্রোবাংলার পরিচালক (পিএসসি) ও ইনোভেশন অফিসার মহোদয় সভার শুরুতে সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি মহোদয় পেট্রোবাংলার ২০২১-২২ অর্থবছরের প্রণীত উদ্ভাবন কর্মপরিকল্পনা বিষয়ে সভায় আলোচনা করেন। সভাপতি মহোদয় ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনায় পেট্রোবাংলার সকল পর্যায়ের সকলের অংশগ্রহণ নিশ্চিতকরণে গুরুত্বারোপ করেন। এছাড়া, বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন সম্পর্কিত কৌশলগত বিষয়ের উল্লেখ রয়েছে মর্মে উদ্ভাবন কর্মপরিকল্পনায় অন্তর্ভুক্ত বর্ণিত কার্যক্রমসমূহ নির্ধারিত সময়ে সম্পাদনের জন্য দিকনির্দেশনা প্রদান করেন।

সভায় ২০২১-২২ অর্থবছরের পেট্রোবাংলার উদ্ভাবন কর্মপরিকল্পনা বিষয়ে আলোচনা ও পর্যালোচনাপূর্বক নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

ক্রম.	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	কার্যব্যবস্থায়
-------	--------------	--------	-----------	-----------------

০১।	পেট্রোবাংলার ২০২১-২২ অর্থবছরে ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কার্যক্রম হিসেবে একটি নতুন উদ্ভাবনী ধারণা বাস্তবায়ন।	পেট্রোবাংলার বার্ষিক গোপনীয় অনুবেদন ফরম-এর স্বাস্থ্য পরীক্ষা প্রতিবেদন অংশে পেট্রোবাংলার চিকিৎসক কর্তৃক সংস্থার কর্মকর্তা/কর্মচারীদের স্বাস্থ্যগত প্রকৃতির বিবরণ লিখতে হয়। কিন্তু প্রচলিত নিয়মে পেট্রোবাংলার চিকিৎসক কর্তৃক সংস্থার কর্মকর্তা/কর্মচারীদের কোনরূপ স্বাস্থ্য পরীক্ষা/টেস্ট ব্যতিরেকে স্বাস্থ্যগত প্রকৃতি উল্লেখ করতে হচ্ছে। সেই পরিপ্রেক্ষিতে ন্যূনতম একটি স্বাস্থ্য পরীক্ষা/টেস্ট চালু করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে স্বাস্থ্য পরীক্ষার অংশ হিসেবে Electro Cardiogram (ECG) টেস্ট/পরীক্ষা করতঃ উহার রিপোর্ট প্রদর্শন সাপেক্ষে পেট্রোবাংলার চিকিৎসক কর্তৃক কর্মকর্তা/কর্মচারীদের বার্ষিক গোপনীয় অনুবেদন ফরম-এ স্বাস্থ্যগত প্রকৃতির বিবরণ উল্লেখ করার বিষয়ে সভায় একমত পোষণ করা হয়।	পেট্রোবাংলা'র ২০২১-২২ অর্থবছরের কর্মপরিকল্পনা মোতাবেক একটি নতুন উদ্ভাবনী ধারণা বাস্তবায়নের উদ্দেশ্যে স্বাস্থ্য পরীক্ষার অংশ হিসেবে Electro Cardiogram (ECG) টেস্ট/পরীক্ষা করতঃ উহার রিপোর্ট প্রদর্শন সাপেক্ষে পেট্রোবাংলার চিকিৎসক কর্তৃক কর্মকর্তা/কর্মচারীদের বার্ষিক গোপনীয় অনুবেদন ফরম-এ স্বাস্থ্যগত প্রকৃতির বিবরণ উল্লেখ করার বিষয়ে চেয়ারম্যান মহোদয়ের অনুমোদনক্রমে পেট্রোবাংলার প্রশাসন বিভাগ হতে অফিস আদেশ জারি করা যেতে পারে।	ইনোভেশন টিম, পেট্রোবাংলা ও মহাব্যবস্থাপক (প্রশাসন), পেট্রোবাংলা
০২।	পেট্রোবাংলার ২০২১-২২ অর্থবছরে ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কার্যক্রম হিসেবে একটি সেবা সহজিকরণ।	পেট্রোবাংলার বিভিন্ন ধরনের আবেদন পত্র/ফরম যেমন: পেনশন উত্তোলনের ফরম, নৈমিত্তিক/অর্জিত/প্রাপ্তি বিনোদন ছুটির ফরম, গাড়ি রিকুইজিশন ফরম, ভ্রমণ সংক্রান্ত ফরম, বিভিন্ন ধরনের ঋণ ফরম ইত্যাদি সংস্থার বিভিন্ন বিভাগ/ডিপার্টমেন্ট-এ রক্ষিত থাকে। উক্ত সকল ফরমসমূহ সহজে এবং নির্দিষ্ট স্থান হতে সংগ্রহ করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে পেট্রোবাংলার বিভিন্ন ধরনের আবেদন পত্র/ফরমগুলো Editable পিডিএফ ফরম্যাটে রূপান্তর করে পেট্রোবাংলার ওয়েবসাইটে প্রকাশ করার বিষয়ে সভায় সম্মতি প্রকাশ করা হয়।	পেট্রোবাংলা'র ২০২১-২২ অর্থবছরের কর্মপরিকল্পনা মোতাবেক একটি সেবা সহজিকরণের লক্ষ্যে পেট্রোবাংলার বিভিন্ন ধরনের আবেদন পত্র/ফরমগুলো Editable পিডিএফ ফরম্যাটে রূপান্তর করে পেট্রোবাংলার ওয়েবসাইটে প্রকাশ করতে হবে।	ইনোভেশন টিম, পেট্রোবাংলা
০৩।	পেট্রোবাংলার ২০২১-২২ অর্থবছরে ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কার্যক্রম হিসেবে ন্যূনতম একটি সেবা ডিজিটাইজ করণ।	পেট্রোবাংলার বিভিন্ন ধরনের মনোহরী/স্টেশনারী সামগ্রির চাহিদাপত্র “স্থানীয় দ্রব্যাদির অধিযাচন (Requisition) বই”-এর মাধ্যমে হাতে লিখে সংশ্লিষ্ট বিভাগ/ডিপার্টমেন্ট প্রধানের স্বাক্ষর পরবর্তী স্ব-শরীরে সংস্থার সেবা বিভাগের ভান্ডার শাখায় জমা দিতে হয়, বিধায় ভিজিটের প্রয়োজন পড়ে। তাছাড়া, সংস্থার ভান্ডার শাখায় কোন কোন দ্রব্যাদি মজুদ রয়েছে, উহার কোন তালিকা না জানার কারণে অহেতুক বিড়ম্বনায় পড়তে হয়। সেই পরিপ্রেক্ষিতে “স্থানীয় দ্রব্যাদির অধিযাচন (Requisition) বই” এর পরিবর্তে ডিজিটাল Requisition সিস্টেম প্রবর্তন করার বিষয়ে সভায় একমত পোষণ করা হয়।	পেট্রোবাংলা'র ২০২১-২২ অর্থবছরের কর্মপরিকল্পনা মোতাবেক ন্যূনতম একটি সেবা ডিজিটাইজকরণের লক্ষ্যে “স্থানীয় দ্রব্যাদির অধিযাচন (Requisition) বই” এর পরিবর্তে ডিজিটাল Requisition সিস্টেম প্রবর্তন করতে হবে।	ইনোভেশন টিম, পেট্রোবাংলা

০৪।	পেট্রোবাংলার ইনোভেশন টিমের সদস্যদের সভার সম্মানী প্রদান।	পেট্রোবাংলার বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ)-তে ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন সম্পর্কিত কৌশলগত বিষয়ের উল্লেখ রয়েছে। উল্লেখ্য যে, পেট্রোবাংলার বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) টিমের সদস্যদের সভাপ্রতি ৩,০০০/- (তিন হাজার) টাকা সম্মানী হিসেবে প্রদানের বিষয়টি কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত হয়েছে। সেই ধারাবাহিকতায় পেট্রোবাংলার ইনোভেশন টিমের সদস্যদের কর্মসম্পূহা ও আগ্রহ বজায় রাখতে প্রত্যেক সদস্যকে সভাপ্রতি ৩,০০০/- (তিন হাজার) টাকা প্রদান করার বিষয়ে সভায় আলোচনা করা হয়।	পেট্রোবাংলার বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) টিমের ন্যায় পেট্রোবাংলার ইনোভেশন টিমের কর্মসম্পূহা ও আগ্রহ বজায় রাখতে প্রত্যেক সদস্যকে সভাপ্রতি ৩,০০০/- (তিন হাজার) টাকা চেয়ারম্যান মহোদয়ের সদয় অনুমোদন ও বাজেট বরাদ্দ সাপেক্ষে প্রদান করা যেতে পারে।	ইনোভেশন টিম, পেট্রোবাংলা
-----	--	--	---	-----------------------------

সভায় অন্য কোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



মোঃ শাহীনুর ইসলাম
পরিচালক (পিএসসি)

স্মারক নম্বর: ২৮.০২.০০০০.০৬৬.০৩.০০২.২০.৭২

তারিখ: ১৩ অগ্রহায়ণ ১৪২৮
২৮ নভেম্বর ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) মহাব্যবস্থাপক (প্রশাসন), পেট্রোবাংলা।
- ২) উপ-মহাব্যবস্থাপক (নিরীক্ষা), পেট্রোবাংলা, ঢাকা।
- ৩) ব্যবস্থাপক (নির্মাণ), পেট্রোবাংলা, ঢাকা।
- ৪) ব্যবস্থাপক (সেবা), পেট্রোবাংলা, ঢাকা।
- ৫) উপ-ব্যবস্থাপক (এফএমডি), পেট্রোবাংলা, ঢাকা।


শাহনেওয়াজ পারভেজ
মহাব্যবস্থাপক (কন্ট্রোল)